

তফসিল-৬

অঙ্গীকারনামার ফরম্যাট

(বিধি-৩(২) (ছ) দ্রষ্টব্য)

অঙ্গীকারনামা

(১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর)

আমি/আমরা

.....পিতা/স্বামী :.....

বর্তমান ঠিকানা.....

স্থায়ী ঠিকানা.....

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে নিম্নোক্ত শর্তাধীনে 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪' এর আওতায়.....(উদ্যোক্তা/উপদেষ্টা প্রতিষ্ঠান/কারিগরি ব্যক্তি) হিসেবে তালিকাভুক্তি/নিবন্ধীকরণের জন্য অঙ্গীকারনামা প্রদান করছি :—

- ১। The Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953) এবং The Building Construction Amendment Act, 2006 এর অধীন প্রণীত 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০১১'/সর্বশেষ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসরণ করে সার্বিক দায়িত্ব পালন করবো।
- ২। 'প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০' (২০০০ সনের ৩৬ নং আইন) ইমারত নির্মাণ আইন, ১৯৫২ (সংশোধিত-২০০৬) এর অধীন 'ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮'/সর্বশেষ ইমারত নির্মাণ বিধিমালা ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান অনুসারে প্রকল্পের বাস্তবায়ন, নির্ধারিত ফরমে রিপোর্ট দাখিল, As built Development Plan ইত্যাদি প্রদান নিশ্চিত করবো।
- ৩। আমি/আমরা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নগর পরিকল্পনাবিদ), পরামর্শক কমিটি এবং লে-আউট প্ল্যান অনুমোদনকারী কমিটি এর নির্দেশ মোতাবেক তাদের সম্মুখে উপস্থিত হব এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট যে কোন বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানে বাধ্য থাকবো।

- ৪। 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪' মোতাবেক প্রকল্প গ্রহণ ও অনুমোদনের পূর্বে যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন ব্যতিরেকে প্রকল্প সংক্রান্ত কোন বিজ্ঞাপন প্রদান বা প্রচারণা চালানো না। এই ধরনের বিধি বহির্ভূত কাজে লিপ্ত হলে কর্তৃপক্ষ আমার/আমাদের নিবন্ধন বাতিল করতে পারবে। ইহাতে আমার কোন ওজর আপত্তি থাকিবে না।*
- ৫। আমি/আমার পেশাজীবী প্রতিষ্ঠান (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) এর সদস্য পদের Code of Ethics অনুসারে দায়িত্ব পালন করবো এবং আমার কর্তৃক এহেন দায়িত্ব পালনে কোন ত্রুটি বা গাফিলতি চিহ্নিত হলে বা উপরোক্ত আইন/কোড/বিধিমালার কোন বিধান লঙ্ঘন করলে আমার/আমাদের বিরুদ্ধে আমার/আমাদের পেশাজীবী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা আমি/আমরা মেনে নিতে বাধ্য থাকবো (উপদেষ্টা প্রতিষ্ঠান/ফার্মের ক্ষেত্রে সকল কারিগরী ব্যক্তিবর্গকে আলাদা আলাদাভাবে অঙ্গীকারনামা প্রদান করতে হবে)।**
- ৬। উপরোক্ত কার্যক্রমসহ বিধি-বিধানের পরিপন্থী কোন অভিযোগ প্রমাণিত হলে তালিকাভুক্ত/নিবন্ধীকরণ বাতিলসহ কর্তৃপক্ষ আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল (নাম সহকারে)

(বিঃদ্রঃ—প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা নোটারী পাবলিক কর্তৃক Countersigned/Authenticated হতে হবে)।

* ধারা ৪ উদ্যোক্তার জন্য প্রযোজ্য হইবে।

** ধারা ৫ উপদেষ্টা প্রতিষ্ঠান এবং কারিগরী ব্যক্তির জন্য প্রযোজ্য হইবে।